সিনিয়র সিস্টেম এনালিষ্ট
◇ সিস্টেম এনালিষ্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রো গ্রামার
◇ স:মে:ই-১ ... :ই-২
◇ নথি
ডাইরি নং
তারিখঃ 15/01/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০৩৫.১৯-২৫ তারিখ: ১৫/০১/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ “ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)” শীর্ষক প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব হ্রাস করার প্রকৃত কারণ পর্যালোচনা এবং ডিএমটিসিএল এর ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপি ও ২০২০-২১ অর্থবছরের এডিপি বরাদ্দের প্রস্তাব অধিকতর যাচাই বাছাই এর নিমিত্ত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৭ জানুয়ারি ২০২০ তারিখে “ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)” শীর্ষক প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব হ্রাস করার প্রকৃত কারণ পর্যালোচনা এবং ডিএমটিসিএল এর ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপি ও ২০২০-২১ অর্থবছরের এডিপি বরাদ্দের প্রস্তাব অধিকতর যাচাই বাছাই এর নিমিত্ত এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
২। অতিরিক্ত সচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৩। প্রকল্প পরিচালক, “ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)” প্রকল্প, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, নিউ ইস্কাটন, ঢাকা
৪। প্রকল্প পরিচালক, “টেকনিক্যাল এসিস্ট্যান্ট ফর এমআরটি লাইন-১ (ইঞ্জিনিয়ারিং সার্ভিস)” প্রকল্প, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১, নিউ ইস্কাটন, ঢাকা
৫। প্রকল্প পরিচালক, “এমআরটি লাইন-১ নির্মাণ” প্রকল্প, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
৬। প্রকল্প পরিচালক, “এমআরটি লাইন-৫ (নর্দান রুট) নির্মাণ” প্রকল্প, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
৭। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৮। উপসচিব (ডিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৯। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৪। যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ "ঢাকা ম্যাস রাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)" শীর্ষক প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব হ্রাস করার প্রকৃত কারণ এবং ডিএমটিসিএল এর ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপি ও ২০২০-২১ অর্থবছরের এডিপি বরাদ্দের প্রস্তাব অধিকতর যাচাই বাছাই এর নিমিত্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব চন্দন কুমার দে অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	০৭ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	বেলা ১২:৩০ মিনিট
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২.০ উপস্থাপনাঃ

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থবছরে এডিপির আওতায় বৈদেশিক সহায়তাপুষ্ট ২৪টি প্রকল্প রয়েছে যার মধ্যে ডিএমটিসিএল কর্তৃক বাস্তবায়নাধীন ৪টি প্রকল্পও আছে। ২০১৯-২০ অর্থবছরে প্রস্তাবিত আরএডিপি'তে ডিএমটিসিএল কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে বৈদেশিক সহায়তা খাতে প্রায় ৩ হাজার কোটি হ্রাস করায় ইআরডির সচিব মহোদয় কর্তৃক এ বিভাগে ডি.ও পত্র প্রেরণ করা হয়েছে। গত ২৯/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় ডিএমটিসিএল এর বৈদেশিক সহায়তা বরাদ্দ হ্রাস ও জিওবি খাতে অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব পর্যালোচনার জন্য সভা আহবানের নির্দেশনা প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে এ সভা আয়োজন করা হয়েছে।

৩.০ আলোচনাঃ

৩.১। এ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট) বলেন, ০৬/০১/২০২০ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত সভায় অবহিত করা হয়েছে যে, ২০১৯-২০ অর্থবছরের আরএডিপি'তে অতিরিক্ত জিওবি অর্থ প্রদানের সুযোগ অত্যন্ত সীমিত। পক্ষান্তরে বরাদ্দকৃত বৈদেশিক সহায়তা বরাদ্দ ব্যাপক হ্রাস করায় বাজেট ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। এ প্রসঙ্গে যুগ্মপ্রধান বলেন যে, গত ১৫/১২/২০১৯ তারিখে ইআরডি'র সচিব মহোদয়ের ডি.ও পত্রে উল্লেখ করা হয়েছে যে, বৈদেশিক সহায়তা বরাদ্দ হ্রাসের কারণ বিস্তারিতভাবে করে এ বিভাগ হতে ইআরডিতে প্রেরণ করতে হবে, যা পরবর্তীতে মাননীয় অর্থ মন্ত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত রেখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত এডিপি'র বৈদেশিক সহায়তা বরাদ্দ চূড়ান্ত করবে।

৩.২। ডিএমটিসিএল-এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, এমআরটি (লাইন-৬) এর অনুকূলে বরাদ্দকৃত প্রকল্প সাহায্য যথাযথভাবে ব্যয় করার উদ্যোগ গ্রহণ করা হলেও বিভিন্ন বাস্তব সমস্যার কারণে তা সম্ভব হবে না। তাই ২০১৯-২০ অর্থবছরে আরএডিপি'তে বৈদেশিক সহায়তাখাতে বরাদ্দ হ্রাস করার প্রস্তাব করা হয়েছে। এ প্রসঙ্গে সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে লাইন-৬ এর অনুকূলে বরাদ্দকৃত প্রকল্প সাহায্য হ্রাসের কারণ ব্যাখ্যা করে ইআরডি'তে যে পত্র প্রেরণ করা হয়েছিল তা স্বয়ংসম্পূর্ণ ও বিস্তারিত না হওয়ায় ইআরডি হতে পুনরায় ডি. ও পত্রের মাধ্যমে বরাদ্দ

হ্রাসের কারণ জানতে চাওয়া হয়েছে মর্মে প্রতীয়মান হয়। যুগ্মপ্রধান বলেন ডিএমটিসিএল কর্তৃক লাইন-৬ এর বরাদ্দ হ্রাসের যে কারণ উল্লেখ করেছে তা পর্যালোচনায় দেখা যায় যে, অর্থবছরভিত্তিক ব্যয় বিভাজনের সময় অনবধানতাবশতঃ ব্যয় বিভাজন করা হয়েছে। কোন্ কারণে কত টাকা বেশী প্রাক্কলন করা হয়েছে তা ব্যাখ্যায় উল্লেখ থাকা প্রয়োজন। পরামর্শক প্রতিষ্ঠান নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আর্থিক ব্যয় নির্বাহ করতে না পারায় তার বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে সে বিষয়টি স্পষ্ট করা যেতে পারে। সভায় উল্লেখ করা হয় যে, প্যাকেজ ৫ ও ৬ এ কোন আইটেমে কত টাকা বরাদ্দ হ্রাস করা হচ্ছে এবং Steel Screw Pile Foundation Construction প্যানেল অব এক্সপার্টস এর সুপারিশ কোন সময়ে বাদ দেয়া হয়েছে সে তথ্যও প্রয়োজন।

৩.৩। ডিএমটিসিএল এর প্রতিনিধি অবহিত করেন যে, অনুমোদিত ডিপিপি অনুযায়ী লাইন-৬ প্রকল্পটির অনুমোদিত মেয়াদকাল জুলাই ২০১২ হতে জুন ২০২৪। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপন বর্ষের ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সরকার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পরিকল্পনা গ্রহণ করেছে। এ লক্ষ্যে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২০২১-২০২২ অর্থবছরের মধ্যে ব্যয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। বই মেলার জন্য বাংলা একাডেমীর সম্মুখভাগে সড়কের নির্মাণ কাজ দু'মাস স্থগিত রাখতে হয়। প্রতি বছরই বাংলা একাডেমীতে বই মেলা আয়োজন করা হয়। তাই বিষয়টি কর্মপরিকল্পনা তৈরী করার সময় বিবেচনা করা সমীচীন ছিল। সভায় উল্লেখ করা হয় যে, প্যাকেজ ৩ ও ৪ এ ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক আনীত Bearing Pad কোন্ তারিখে কারিগরি মান পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি এবং এ কারণে কত টাকা অব্যয়িত থাকবে তা ব্যাখ্যায় উল্লেখ করতে হবে। মানহীন Bearing Pad সরবরাহের জটিলতায় যে সময়ক্ষেপণ হয়েছে তাতে ঠিকাদারের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা তাও জানা দরকার। প্যাকেজ ৭-এ Crossover and Turnout বহনকারী জাহাজ পায়রা বন্দরে কবে ডুবে যায় এবং এ আইটেমে কত টাকা ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত ছিল তার স্বপক্ষে তথ্যাদি দেয়া আবশ্যক বলে সভায় অভিমত রাখা হয়।

৩.৪। এমআরটি লাইন-৬ এর প্রতিনিধি বলেন যে, রাজউকের ভূমির মূল্য বাবদ অর্থের প্রয়োজন হবে বিধায় জিওবি চাহিদা বৃদ্ধি পেয়েছে। এমআরটি লাইন-১ এ আরএডিপি'তে ৭০০ কোটি টাকা জিওবি খাতে বরাদ্দ চাওয়া হয়েছে এবং ভূমি অধিগ্রহণের জন্য এ অর্থ ব্যয় হবে মর্মে সভাকে অবহিত করেন। কিন্তু জুন ২০২০-এর মধ্যে চাহিত ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করে ৭০০ কোটি টাকা ব্যয় করা যাবে কিনা সে বিষয়ে সভায় উদ্বেগ প্রকাশ করা হয়। যুগ্মপ্রধান বলেন যে, ভূমি অধিগ্রহণ কর্মপরিকল্পনাটি অধিকতর যাচাই বাছাই করে অতিরিক্ত জিওবি বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। এছাড়া এমআরটি লাইন-৫ এ আরএডিপি'তে চাহিদাকৃত জিওবি খাতে ৪৩ কোটি টাকা ব্যয় নির্বাহ সম্ভব হবে কিনা বা কর্মপরিকল্পনা অনুযায়ী এ অর্থের প্রয়োজন রয়েছে কিনা তা পুন: বিবেচনা করা প্রয়োজন। এ প্রসঙ্গে ডিএমটিসিএল থেকে অবহিত করা হয় যে, এমআরটি লাইন-৫ এ আরএডিপি বৈদেশিক সহায়তা খাতের বরাদ্দ হতে আরো ২৬ কোটি টাকা হ্রাস করা হবে। এ বিভাগ হতে বৈদেশিক সহায়তা খাতে বরাদ্দ না কমিয়ে প্রকল্পের অগ্রগতির স্বার্থে ব্যয় বাড়ানো সম্ভব কিনা তা পর্যালোচনার জন্য ডিএমটিসিএল'কে অনুরোধ জানানো হয়।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

৪.১। ডিএমটিসিএল কর্তৃক ইআরডি সচিব মহোদয় কর্তৃক প্রেরিত ডি.ও পত্রের আলোকে বৈদেশিক সহায়তা খাতের বরাদ্দ হ্রাসের প্রকৃত কারণসমূহ বিস্তারিত আকারে (বিভিন্ন কারণের প্রতিটির বিপরীতে কত টাকা তা সুনির্দিষ্ট করে) লিপিবদ্ধ করে এ বিভাগে প্রেরণ করবে;

৪.২। অনবধানতাবশতঃ/ভুলবশতঃ ব্যয় প্রাক্কলনের ফলে কত টাকা বরাদ্দ কমানো হয়েছে তার হিসেব ব্যাখ্যায় উল্লেখ থাকতে হবে;

৪.৩। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ভুল লক্ষ্যমাত্রা নির্ধারণ করায় তার বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে তা ব্যাখ্যায় উল্লেখ করা যেতে পারে;

৪.৪। প্যাকেজ ৫ ও ৬ এ কোন আইটেমে কত টাকা বরাদ্দ হ্রাস করা হবে এবং Steel Screw Pile Foundation Construction প্যানেল অব এক্সপার্টস এর সুপারিশে কখন বাদ দেয়া হয়েছে তা ব্যাখ্যায় লিপিবদ্ধ করতে হবে;

৪.৫। প্যাকেজ ৩ ও ৪ এ ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক আনীত Bearing Pad কবে কারিগরী মান পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি এবং এ কারণে এ খাতে কত টাকা অব্যাহিত থাকবে তা ব্যাখ্যায় উল্লেখ করতে হবে। এছাড়া, মানহীন Bearing Pad সরবারহের জটিলতায় যে সময়ক্ষেপণ হয়েছে তাতে ঠিকাদারের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা তা এ বিভাগকে জানাতে হবে;

৪.৬। প্যাকেজ ৭-এ Crossover and Turnout বহনকারী জাহাজ পায়রা বন্দরে কবে ডুবে যায় এবং এ আইটেমে কত টাকা ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত ছিল তা উল্লেখ করতে হবে;

৪.৭। এমআরটি লাইন-১ এ আরএডিপিতে প্রস্তাবকৃত জিওবি খাতে ভূমি অধিগ্রহণ বাবদ ৭০০ কোটি টাকা ব্যয় নির্বাহের ক্ষেত্রে ভূমি অধিগ্রহণ কর্মপরিকল্পনাটি অধিকতর যাচাই বাছাই করে এ বরাদ্দ প্রস্তাব নির্ধারণ করতে হবে;

৪.৮। এমআরটি লাইন-৫ এ আরএডিপি'তে চাহিদাকৃত জিওবি খাতে ৪৩ কোটি টাকা ব্যয় নির্বাহ সম্ভব হবে কিনা বা কর্মপরিকল্পনা অনুযায়ী এ অর্থের প্রয়োজন রয়েছে কিনা তা পুন: বিবেচনা করা প্রয়োজন;

৪.৯। বৈদেশিক সহায়তা খাতে বরাদ্দ না কমিয়ে প্রকল্পের অগ্রগতির স্বার্থে এডিপিতে বরাদ্দকৃত ব্যয় নির্বাহ সম্ভব কিনা তা ডিএমটিসিএল কর্তৃক পর্যালোচনা করতে হবে; এবং

৪.১০। সামগ্রিকভাবে ২০১৯-২০ অর্থবছরে আরএডিপি বরাদ্দ চাহিদা (জিওবি অংশ) বাস্তবতা ও স্থানীয় সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় অধিকতর যাচাই-বাছাই করে পুন: নির্ধারণ করতে হবে।

৪.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৪/০১/২০২০
(চন্দন কুমার দে)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

বিষয়: "ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)" শীর্ষক প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব হ্রাস করার প্রকৃত কারণ এবং ডিএমটিসিএল এর ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপি ও ২০২০-২১ অর্থবছরের এডিপি বরাদ্দের প্রস্তাব অধিকতর যাচাই বাছাই এর নিমিত্ত সভা।

তারিখ : ০৭-০১-২০২০

সময়: ১২.৩০

সভাপতি : অতিরিক্ত সচিব (উন্নয়ন)

ক্রমিক নং	নাম ও পদবী	টেলিফোন নং	স্বাক্ষর
১	মো: মাহবুব উল আলম PD Line-5 (Southern Route)	01711581560	[signature] 7/1/2020
২	মো: আব্দুল ওয়াদুদ APD (A&F), Line-1 (E/S)	01558302716	[signature] 7/1/2020
৩	আনোয়ার হোসেন চৌধুরী অতি: সচিব (এমআরটি)	০১৭১১০৮৮৮২৭	[signature] 7/1/2020
৪	মো: [illegible]	[illegible]	[signature] 7/1/2020
৫	মো: আব্দুল বাতেন শেখ DPD (F&A)	01938734121	[signature] ৭/১/2020
৬			
৭			
৮			
৯			
১০			
১১			